

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ও সমমান পরীক্ষার ফলাফল মুঠোফোনে দেখছে শিক্ষার্থীরা। *ফাইল ছবি*

একাদশ শ্রেণিতে ভর্তি আবেদনে লিঙ্গ ও পেমেন্ট জটিলতা সমাধানে করণীয় কী, তা জানিয়ে নির্দেশনা দেওয়া হয়েছে এ-সংক্রান্ত ভর্তির ওয়েবসাইটে। আবেদন বাতিল বা মুঠোফোন নম্বর পরিবর্তনের জন্য নির্দেশনাও দেওয়া হয়েছে।

ভর্তির ওয়েবসাইটে নির্দেশনায় বলা হয়েছে, ইতিমধ্যে যারা আবেদন ফি জমা দিয়েছে (আবেদন ফি কেটে রেখেছে) অথচ স্মার্ট ভর্তির সিস্টেমে পেমেন্ট সম্পন্ন দেখাচ্ছে না, তারা এ ফরম পূরণ করবে। লিঙ্গসংক্রান্ত তথ্যে ভুল থাকলে এই ফরম পূরণ করবে। পূরণ করা তথ্যাদি সংশ্লিষ্ট বোর্ডে পাঠানো হবে ও তাদের মতামত/সিদ্ধান্তের ভিত্তিতে প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন করা হবে। ক্ষেত্রবিশেষে সমস্যা সমাধানে বোর্ডে সশরীর যাওয়ার প্রয়োজন হতে পারে। উভয় ফরম পূরণের শেষ সময় ৭ জুন রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত।

শিক্ষার্থীদের মধ্যে যাদের 'আবেদন বাতিল' কিংবা 'মোবাইল নম্বর পরিবর্তন' করা প্রয়োজন, তারা অনলাইনে এই ফরম ব্যবহার করতে পারবে। এ ফরম ব্যবহার করে কীভাবে আবেদন দাখিল করতে হবে, তার ভিডিও টিউটরিয়াল এখানে পাওয়া যাবে। আবেদন করার পর এই লিংকে স্ট্যাটাস দেখতে পারবে। সংশ্লিষ্ট নোটিশটি বোর্ড বিজ্ঞপ্তি মেনুতে দেখতে পারবে।

By using this site, you agree to our Privacy Policy.

